সাহিত্যিক প্রফুল্ল রায়

২৭. ১০. ২০০৫

মানুষের জীবনে অজস্র হাজার সমস্যা। দাম্পত্য সম্পর্কের অবনিবনা থেকে বিষয়-আশয়, উত্তরাধিকার, ভাড়াটে-বাড়িওলা ইত্যাদি সংক্রান্ত কত রকমের সংকট যে দেখা দেয় তার লেখাজোখা নেই। তা ছাড়া রয়েছে নানা অপরাধমূলক ঘটনা। এই সব সমস্যার বেশির ভাগই শেষ পর্যন্ত আদালত অবধি গড়ায়। সারা দেশের ছোট-বড় কয়েক হাজার আদালতে বর্তমানে কয়েক লক্ষ মামলা চলছে। তার সঙ্গে প্রতিদিন নতুন নতুন আরও দায়ের করা হচ্ছে।

মামলা মানেই আইনকানুন। আইনের অসংখ্য ধারা, উপধারা এবং সূক্ষ্ম মারপ্যাঁচ আমাদের মতো সাধারণ মানুষের পক্ষে বুঝে ওঠা খুবই কঠিন। সেদিক থেকে 'সত্য-ন্যায়' একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে। বিশিষ্ট আইনজ্ঞরা সহজ ভাষায় এই পত্রিকায় নিয়মিত বিভিন্ন আইনের খুঁটিনাটি দিয়ে আসছেন। এর ফলে অনেকে বুঝতে পারেন কোন আইন তাঁকে কতটা সুরক্ষা দিচ্ছে, কোন আইনের সাহায্যে তিনি কতটা সুফল পাবেন।

আমাদের দেশে অধিকাংশের আইন-অনভিজ্ঞতার অকাল-মৃত্যু ঘটুক। আশা করি 'সত্য-ন্যায়' দীর্ঘজীবী হবে।

প্রফুল্ল রায়

PRAFULLA ROY 174/16 N. S. C. BOSE ROAD FLAT 3D CALCUTTA-700040 PHONE ☐411 9387